

নটর ডেম কলেজে ভর্তির ক্ষেত্রে শিক্ষাবোর্ডের হস্তক্ষেপ প্রত্যাহারের আহ্বান

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

নটর ডেম কলেজে এইচএসসিভে ভর্তির ক্ষেত্রে বোর্ডের হস্তক্ষেপ প্রত্যাহারের আহ্বান জানিয়েছে 'নটর ডেম শিক্ষা প্রতিষ্ঠান রক্ষা কমিটি'। গতকাল সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরসি মঞ্জুমদার হিলসায়তনে এক আলোচনা সভায় এ আহ্বান জানানো হয়।

আলোচনা সভায় শিক্ষাবিদ অধ্যাপক সিরাজুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আশ্রাম আরেফিন সিদ্দিক, ইংরেজি বিভাগের অধ্যাপক বন্দুকার আশরাফ হোসেন, নাবেক সচিব সাহেদা হান সিদ্দিকী, কর্নেল (অব.) একুতেশ্বর সিদ্দিকী, শাকির সর্ব্ব প্রমুখ।

উপাচার্য আরেফিন সিদ্দিক বলেন, পিছিয়ে পড়া ধানমন্ডীকে এগিয়ে নিয়ে আসতে হবে। নটর ডেম কলেজের ভর্তির ক্ষেত্রেও পিছিয়ে পড়া শিক্ষার্থীদের সুযোগ দেয়া উচিত। ভর্তির ক্ষেত্রে জটিলতা প্রসঙ্গে তিনি বলেন, বুব ট্রাভই এ সমস্যার সমাধান হবে বলে আমাদের বিশ্বাস।

অধ্যাপক সিরাজুল ইসলাম বলেন, নটর ডেম কলেজে ভর্তির ক্ষেত্রে বোর্ড ও আদালত যে হস্তক্ষেপ করেছে তাতে আমরা দুঃখ বোধ করছি এবং বিচলিত হয়েছি। শুধু ভর্তিই আড়াই হাজারের বেশি শিক্ষার্থী নয়, তাদের পরিবারসহ দেশের সবাই বোর্ডের এ হস্তক্ষেপে উদ্বিগ্ন। এ হস্তক্ষেপ শিক্ষাব্যবস্থায় এ ব্যাপক প্রভাব ফেলবে বলে মন্তব্য করেন তিনি। তিনি ভর্তি পরীক্ষার উত্তীর্ণদের রেজিস্ট্রেশন করার সুযোগ দিয়ে দ্রুত হস্তক্ষেপ প্রত্যাহারের আহ্বান জানান।